


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫



স্মারক নং ৪৭.৬২.৮৭.০০০০.৯৬১.০০.০০১.১৯. ৯৩৭

তারিখঃ ০৬/১০/২০২১খ্রিঃ


বিষয়: কর্মসূচি'র জনবলের গ্রাচ্যুইটির অর্থ প্রেরণের বিষয়ে স্পষ্টীকরণ।

সূত্র: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০১.১৯.২৪৬, তারিখ:২৬/০৭/২০২০খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা খাতে উদ্বৃত্ত তহবিল হতে বিধি অনুযায়ী প্রতি অর্থবছরে ০২ মাসের সাকুল্য বেতন-ভাতার সমপরিমাণ গ্রাচ্যুইটির অর্থ কর্মসূচি সদর দপ্তরে প্রেরণ করা যাবে মর্মে অফিস আদেশ জারী করা হয়। বেতন-ভাতা খাতে উদ্বৃত্ত তহবিল থাকা সাপেক্ষে কোন অর্থবছর হতে গ্রাচ্যুইটির অর্থ কর্মসূচি সদর দপ্তরে প্রেরণ করা যাবে তা নিয়ে সৃষ্ট অস্পষ্টতা নিম্নরূপভাবে স্পষ্টীকরণ করা হলো:

“কর্মসূচি'র কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা খাতের অর্জিত তহবিল পুঞ্জানুপুঞ্জভাবে যাচাইপূর্বক উদ্বৃত্ত থাকা সাপেক্ষে ২০১৮-১৯ অর্থবছর থেকে প্রতি অর্থবছরে ০২ মাসের সাকুল্য বেতন-ভাতার সমপরিমাণ গ্রাচ্যুইটির অর্থ কর্মসূচি সদর দপ্তরে প্রেরণ করা যাবে।”

২। বেতন-ভাতা খাতে অর্জিত তহবিল যথাযথভাবে যাচাই না করে অন্য কোন তহবিল অবক্ষয় করে গ্রাচ্যুইটির অর্থ প্রেরণ করা হলে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে ইউআরডিও ব্যক্তিগতভাবে দায়ী হবেন।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ফোনঃ ০২-৮১৮৫১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি, উপজেলাঃ----- (কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ --- (কর্মসূচিভুক্ত সকল জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ----- (কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।
৬. হিসাব সহকারী/মাঠসংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ----- (কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।
৭. অফিস নথি।